

AM 6 (পৰে মুক্ত)
১০.১২.১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd


নং-৩৫.০০.০০০০.০৩২.০১৪.০৪.১৬-৬৭২

তারিখ: ১০-১২-২০১৮

বিষয়: “গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (ময়মনসিংহ জোন)” শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত প্রকল্প
স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

গত ০৪ ডিসেম্বর ২০১৮ তারিখে “গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (ময়মনসিংহ জোন)” শীর্ষক
প্রকল্পের উপর প্রকল্প স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের
জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।


(মোঃ সামীলুজ্জামান)
উপপ্রধান
ফোন-৯৫১৪২৬৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা [দ্র: আ: যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ]
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। সচিব, আইএমইডি, শের-ই-বাংলা নগর, ঢাকা
- ৪। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
- ৫। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পন কমিশন, শের-ই-বাংলা, নগর, ঢাকা
- ৬। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ৭। অতিরিক্ত সচিব (উর্যন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৮। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ শাখা, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ৯। যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১০। উপপ্রধান (পরিকল্পনা ও কার্যক্রম), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১১। প্রকল্প পরিচালক ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ময়মনসিংহ জোন, ময়মনসিংহ

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। সিনিয়র সিলেক্ট এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৫। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬-৭। অফিস কপি/মাস্টার কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

বিষয়ঃ “গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (ময়মনসিংহ জোন)” শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত প্রকল্পের স্টিয়ারিং কমিটি’র (পিএসসি) সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোঃ নজরুল ইসলাম সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ	:	০৪ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ
সময়	:	সকাল ১০:০০ ঘটিকা
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

২. উপস্থাপনাঃ

২.১ সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে যুগ্মপ্রধান বলেন যে, ময়মনসিংহ জোনের ১৫১.৫২ কিলোমিটার আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণের নিমিত্ত প্রকল্পটি ৭৯৮১৫.২০ লক্ষ টাকা প্রাঙ্গিন ব্যয়ে মার্চ ২০১৭ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নাধীন। অক্টোবর ২০১৮ পর্যন্ত প্রকল্পের আর্থিক ক্রমপুঁজিত অগ্রগতি ২৭.২০%। চলতি অর্থবছরে প্রকল্পের অনুকূলে ৩০০.০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এর মধ্যে ৭৫.০০ কোটি টাকা ছাড় করা হয়েছে। ছাড়কৃত অর্থের মধ্যে অক্টোবর ২০১৮ পর্যন্ত ৪৫.০০ কোটি টাকা ব্যয় হয়েছে। প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতি, বাস্তবায়নের সমস্যা এবং এ সমাধানের উপায় নিয়ে অদ্যকার সভা আহ্বান করা হয়েছে।

৩. আলোচনাঃ

৩.১ ক্রমপুঁজিত এবং চলতি অর্থবছরের এডিপি’র বাস্তবায়ন অগ্রগতি কম হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। বাস্তবায়ন কাজ দুট এগিয়ে নেয়ার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।


৩.২ প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় ০৯টি প্যাকেজ রয়েছে। ০৯টি প্যাকেজেরই কার্যাদেশ প্রদান করা হয়েছে। প্যাকেজভিত্তিক আলোচনায় দেখা যায় যে, কাজের অগ্রগতি সন্তোষজনক নয়। প্যাকেজ নং ৭ ও ৮ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। ঠিকাদার প্রতিষ্ঠান এ ০২টি প্যাকেজের কাজ বিলম্বে শুরু করায় বাস্তবায়ন অগ্রগতি আশানুরূপ হয়নি। এ ০২টি প্যাকেজসহ সকল প্যাকেজের চুক্তি মেয়াদ ভবিষ্যতে না বাঢ়ানোর পরামর্শ দেয়া হয় এবং নির্ধারিত চুক্তি মেয়াদের মধ্যেই ঠিকাদার প্রতিষ্ঠান কাজ যেন সমাপ্ত করতে পারে সেজন্য তদারকি বাঢ়াতে হবে। কাজ বিলম্বে শুরু হওয়ার কারণে অগ্রগতি যা কম হয়েছে তা পুরিয়ে নেয়ার জন্য আলাদাভাবে ঠিকাদার প্রতিষ্ঠানের উপর নজর রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়। এ লক্ষ্যে ঠিকাদার প্রতিষ্ঠানের নিকট থেকে সময়ভিত্তিক কর্মপরিকল্পনা নিতে হবে এবং তা মন্ত্রণালয়কে অবহিত করার জন্য পরামর্শ প্রদান করা হয়।

৩.৩ প্রকল্প পরিচালক সভাকে আরো অবহিত করেন যে, বর্তমানে ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণ মূল্যের পরিমাণ বৃক্ষ পাওয়ায় ভূমির ব্যয় বৃক্ষ, নতুনভাবে ১৪.৫০ কিলোমিটার সড়কের পুরাতন অংশে মজবুতিকরণ প্রয়োজনীয়তায় মজবুতিকরণের অঙ্গের পরিমাণ ও ব্যয় বৃক্ষ, মন্ত্রণালয়ের সুপারিশক্রমে শেরপুর শহরে দুটি ইন্টারসেকশন নির্মাণের কারণে এ অঙ্গে ব্যয় বৃক্ষ, পিডিপি ও পল্লী বিদ্যুৎ সমিতির সিডিউল ও অফ রেইট এবং ভ্যাট ও আয়কর কর্তনের হার বৃক্ষের কারণে ইউটিলিটি শিফটিং অঙ্গের ব্যয় বৃক্ষ এবং ডিপিপি প্রণয়নকালে মাটির কাজ ও সাব-বেইজ এ পরিমাণ নির্ধারনে গানিতিক ভুলের জন্য ব্যয় কর্ম ধরা হয়েছিল কিন্তু এ অঙ্গে পরিমাণ ও ব্যয় সংশোধনের কারণে এবং রেট সিডিউল বৃক্ষের কারণে ডিপিপি সংশোধনের প্রয়োজন হবে। ডিপিপি সংশোধনের বিষয় নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং সংশোধিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৩.৪ যে সব প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে পিডিপি/পল্লী বিদ্যুৎ এর সংশ্লিষ্টতা রয়েছে সে সব প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে জন্য ভবিষ্যতে অনুচ্ছেয় পিআইসি এবং পিএসসি সভায় সংশ্লিষ্ট পিডিপি ও পল্লী বিদ্যুৎ এর প্রতিনিধি আমন্ত্রণ জানানোর জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৪. সিদ্ধান্ত:

- ৪.১ প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি ডরার্হিত করতে হবে;
- ৪.২ ৭ ও ৮ নং প্যাকেজসহ সকল প্যাকেজের চুক্তি মেয়াদ বৃক্ষি করা যাবে না। নির্ধারিত চুক্তি মেয়াদের মধ্যেই ঠিকাদার প্রতিষ্ঠান কাজ যেন সমাপ্ত করতে পারে সেজন্য তদারকি বাঢ়াতে হবে।
- ৪.৩ কাজ বিলম্বে শুরু হওয়ার কারণে অগ্রগতি যা কম হয়েছে তা পুরিয়ে নেয়ার জন্য আলাদাভাবে ঠিকাদার প্রতিষ্ঠানের উপর নজর রাখতে হবে। ঠিকাদার প্রতিষ্ঠানের নিকট থেকে সময়ভিত্তিক কর্মপরিকল্পনা নিয়ে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
- ৪.৪ সংশোধিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
- ৪.৫ যে সব প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে পিডিপি ও পল্লী বিদ্যুৎ এর সংশ্লিষ্টতা রয়েছে সে সব প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে জন্য ভবিষ্যতে অনুচ্ছেয় পিআইসি এবং পিএসসি সভায় সংশ্লিষ্ট পিডিপি/পল্লী বিদ্যুৎ এর প্রতিনিধি আমন্ত্রণ জানাতে হবে।
- ৫। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোঃ নজরুল ইসলাম)
সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ